



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

তারিখ : ২৮ নভেম্বর, ২০২২

বাউবি'তে ট্রান্সজেন্ডার জনগোষ্ঠীর সাথে অ্যাডভোকেসি সভা

সমাজে আত্মমর্যাদা নিয়ে বেঁচে থাকার মৌলিক অধিকার সবারই রয়েছে। বাউবি'র মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার আজ সোমবার ২৮ নভেম্বর, ২০২২ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে “দিনের আলো হিজরা সংঘ, রাজশাহী” এর উদ্যোগে আয়োজিত ট্রান্সজেন্ডার জনগোষ্ঠীদের নিয়ে অনুষ্ঠিত হয় এক অ্যাডভোকেসি সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার সামাজিক সচেতনতা বৃদ্ধির মাধ্যমে শিক্ষা সহ সমাজের সকল স্তরে ট্রান্সজেন্ডার জনগোষ্ঠীর সদস্যদের সম্পৃক্ত হওয়ার কথা উল্লেখ করেন। তিনি তাদের সমাজের মূল শ্রোতথারার সাথে সংযুক্ত করতে সরকার, শিক্ষা প্রতিষ্ঠান ও জনপ্রতিনিধিসহ সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।



অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে বাউবি'র প্রো-উপাচার্য (শিক্ষা) সমাজ বিজ্ঞানী ড. মাহবুবা নাসরীন লিঙ্গ বৈচিত্র্যময় মানুষের জন্য অর্ন্তভুক্তি মূলক শিক্ষা, জীবনমান উন্নয়নে নাগরিক অধিকার, জেন্ডার ইস্যু ও সমাজের পরিবর্তন নিয়ে আলোকপাত করেন। অ্যাডভোকেসি সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে ট্রান্সজেন্ডার জনগোষ্ঠীর উদ্দেশ্যে দিক নির্দেশনা ও পরামর্শমূলক বক্তব্য রাখেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম।

বাউবি লিঙ্গ বৈচিত্র্যময় জনগোষ্ঠীর জন্য সম্ভাবনার ক্ষেত্র হতে পারে এ বিষয়ে “দিনের আলো হিজরা সংঘ, রাজশাহী” কর্তৃক একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রদর্শন করেন সংগঠনের প্রতিনিধি হালিমা তুহ সাদিয়া। ট্রান্সজেন্ডার জনগোষ্ঠীর সদস্য ও “দিনের আলো হিজরা সংঘ, রাজশাহী” এর সমন্বয়কারী জয়িতা পলি তার শুভেচ্ছা বক্তব্যে তাদেরকে বাউবির শিক্ষায় সংযুক্ত করার দাবি জানান। অন্য সদস্য রাজশাহী কলেজে মাস্টার্সে অধ্যয়নরত শিক্ষার্থী লক্ষি সমাজের বৈষম্য থেকে বেরিয়ে নাগরিক অধিকার ফিরে পাওয়ার দাবী জানান। সংগঠনের কর্মী সাবিয়া সুলতান উর্মি জীবন মান উন্নয়নে কাজ করার আশ্রয় ব্যক্ত করেন।

বাউবি'র বিভিন্ন স্কুলের ডিন, শিক্ষক, কর্মকর্তা, শিক্ষক সমিতি ও শিক্ষক ফোরামের নেতৃবৃন্দ অ্যাডভোকেসি সভায় অংশ নেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক মেহেরীন মুনজারীন রত্না।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪